


# যুগান্তর

## ৫৫ প্রতিষ্ঠানের সবাই ফেল

সবাই পাস ৪০০ প্রতিষ্ঠানে

প্রকাশ : ২০ জুলাই ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



যুগান্তর রিপোর্ট

এইচএসসি ও সমমানের পরীক্ষায় এবার ৫৫টি শিক্ষাপ্রতিষ্ঠানের কোনো শিক্ষার্থী পাস করতে পারেনি। আর ৪০০টি প্রতিষ্ঠান থেকে পরীক্ষায় অংশ নেয়া সব শিক্ষার্থীই পাস করেছে। এবার এ পরীক্ষায় ৬৬ দশমিক ৬৪ শতাংশ শিক্ষার্থী পাস করেছে, জিপিএ-৫ পেয়েছে ২৯ হাজার ২৬২ জন।

গত বছর এইচএসসি ও সমমানের পরীক্ষায় ৭২টি প্রতিষ্ঠানের সব শিক্ষার্থী ফেল করে। সে হিসাবে এবার শতভাগ ফেলের প্রতিষ্ঠানের সংখ্যা কমেছে ১৭টি।

এবার দিনাজপুর বোর্ডের ১২টি, ঢাকা বোর্ডের ৬টি, রাজশাহী বোর্ডের ৬টি, যশোর বোর্ডের ৪টি; কুমিল্লা, বরিশাল ও সিলেট বোর্ডের ২টি করে এবং চট্টগ্রাম বোর্ডের ১টি প্রতিষ্ঠানের সব পরীক্ষার্থী ফেল করেছে। মাদ্রাসা বোর্ডের ১৩টি এবং কারিগরি বোর্ডের ৭টি প্রতিষ্ঠানের কোনো শিক্ষার্থী এবার পাস করতে পারেনি।

এ বিষয়ে শিক্ষামন্ত্রী বলেন, উল্লেখযোগ্য বিষয় হল, শূন্য পাস করা শিক্ষাপ্রতিষ্ঠানের সংখ্যা এবার কমেছে।

অন্যদিকে ৪০০টি শিক্ষাপ্রতিষ্ঠানের সব পরীক্ষার্থী এ বছর উচ্চমাধ্যমিকে পাস করেছে, গত বছর এ সংখ্যা ছিল ৫৩২টি। এ হিসাবে এবার শতভাগ শিক্ষার্থী পাসের শিক্ষাপ্রতিষ্ঠানের সংখ্যা ১৩২টি কমেছে। ঢাকা বোর্ডে শতভাগ শিক্ষার্থী পাস করেছে এমন প্রতিষ্ঠান ৩৯টি। এছাড়া রাজশাহী বোর্ডে ১৯টি, কুমিল্লা ও দিনাজপুরে ১৪টি করে, সিলেটে ১০টি, যশোরে ৬টি এবং চট্টগ্রাম ও বরিশালে ৭টি করে প্রতিষ্ঠানের সবাই পাস করেছে। মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে এবার ২৮৮টি প্রতিষ্ঠানের শতভাগ শিক্ষার্থী পাস করেছে। আর কারিগরি বোর্ডে শতভাগ পরীক্ষার্থী পাস করা কোনো শিক্ষাপ্রতিষ্ঠান নেই।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।